

PRINT

সমকাল মেডিকেল ভর্তি পরীক্ষার ফল প্রকাশ

১১ ঘন্টা আগে

সমকাল প্রতিবেদক

মেডিকেল কলেজের চলতি শিক্ষাবর্ষে এমবিবিএস কোর্সে ভর্তি পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে। প্রকাশিত ফল অনুযায়ী এবার ৪৯ হাজার ৪১৩ জন উত্তীর্ণ হয়েছেন। পরীক্ষায় অংশগ্রহণ করেছিলেন ৬৯ হাজার ৪১০ জন। উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্যে ছিলে ২৬ হাজার ৫৩১ জন এবং মেয়ে ২২ হাজার ৮৮২ জন। গতকাল মঙ্গলবার স্বাস্থ্য অধিদপ্তরের সম্মেলন কক্ষে মহাপরিচালক অধ্যাপক ডা. আবুল কালাম আজাদ এ ফল ঘোষণা করেন।

ডা. আবুল কালাম আজাদ বলেন, এমবি�বিএস কোর্সে সর্বোচ্চ ৯০ দশমিক শূন্য ৫ নম্বর পেয়ে একজন ছিলে এবং ৮৯ দশমিক ৬৭ নম্বর পেয়ে একজন মেয়ে উত্তীর্ণ হয়েছেন। জাতীয় মেধাতালিকার ভিত্তিতে সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত শিক্ষার্থীরা সরকারি ৩৬ মেডিকেল কলেজ ও পরে বেসরকারি মেডিকেল কলেজে ভর্তির সুযোগ পাবেন।

সরকারি ৩৬ মেডিকেল কলেজে চার হাজার ৬৮ আসন এবং বেসরকারি ৭০ মেডিকেল কলেজে ছয় হাজার

৩৩৬ আসন রয়েছে। আগামী ২২ অক্টোবর থেকে সরকারি মেডিকেল কলেজে ভর্তি প্রক্রিয়া শুরু হবে এবং শেষ হবে আগামী ৩১ অক্টোবর। সরকারি মেডিকেলে ভর্তি প্রক্রিয়া শেষ হওয়ার পর পরে বেসরকারি মেডিকেল কলেজে ভর্তির তারিখ জানানো হবে। স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইট [ডি.ফিময়ঃ.মড়া.নফ](#) এ ফল দেখা যাবে। এ ছাড়া টেলিটক সিমের মাধ্যমে খুদেবার্তা পাঠিয়েও ফল জানা যাবে। তবে উত্তীর্ণ শিক্ষার্থীদের মোবাইল ফোনে খুদেবার্তা পাঠানো হবে।

ফল প্রকাশ অনুষ্ঠানে অন্যদের মধ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের চিকিৎসা শিক্ষা ও পরিবারকল্যাণ বিভাগের সচিব ইউসুফ হারুন, বিএমএ সভাপতি ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন, বিএসএমএমইউর সাবেক উপ-উপাচার্য অধ্যাপক ডা. শারফুদ্দিন আহমেদ, বিএমডিসির সভাপতি অধ্যাপক ডা. সহিদুল্লাহ প্রমুখ উপস্থিত ছিলেন।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি | প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ | ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :
+৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) | ইমেইল:
ad.samakalonline@outlook.com